গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০০১.১৮- ১৬৭০ তারিখ:- ২২/০২/২০১৮ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি **"অবিবাহিত"** নাগরিকদের (৫ নং কলামে বর্ণিত জেলাসমূহ ব্যতীত) নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/গ্রেড | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ১২১টি | ক) কমপক্ষে ৮ম শ্রেণি পাস।<br>খ) ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী।<br>গ) শারীরিক যোগ্যতাঃ-উচ্চতাঃ- ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম<br>বুকঃ- ৩২ ইঞ্চি ন্যূনতম<br>ওজনঃ- ১১০ পাউন্ড ন্যূনতম<br>ঘ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন | ক্রমিক নং ০১ ও ০৩-এ বর্ণিত পদে ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, নেত্রকোণা, নওগাঁ, জয়পুরহাট, পাবনা, গাইবান্ধা, মাগুরা, নড়াইল, বরিশাল ও ঝালকাঠি **জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না।**<br>**তবে এতিম ও মুক্তিযোদ্ধা কোটায় যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ২. | ড্রাইভার **(শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটায়)** ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ২৫টি | ক) কমপক্ষে ৮ম শ্রেণি পাস।<br>খ) ভারী যানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী।<br>গ) শারীরিক যোগ্যতাঃ-উচ্চতাঃ- ৫ ফুট ৪ ইঞ্চি ন্যূনতম<br>বুকঃ- ৩২ ইঞ্চি ন্যূনতম<br>ওজনঃ- ১১০ পাউন্ড ন্যূনতম<br>ঘ) ত্রুটিমুক্ত শারীরিক গঠন | **মুক্তিযোদ্ধা কোটায় যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ৩. | স্পীডবোট ড্রাইভার ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০২ (দুই)টি | কোন স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রধারী হতে হবে। | - |

### শর্তাবলিঃ

১. নির্ধারিত পূরণকৃত ফরমের সাথে ১০০/- (এক শত) টাকা ট্রেজারি চালান কোড নং-"১-৭৩৬১-০০০০-২০৩১"-এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারি চালানের মূল কপি (এ ক্ষেত্রে পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না) এবং সম্প্রতি তোলা ৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি পূরণকৃত ফরমের সাথে সংযুক্ত করে জাতীয় পরিচয়পত্র ও বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের **প্রার্থীগণকে ২০ মার্চ ২০১৮ তারিখ** সকাল ৮.০০টায় এবং **রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের প্রার্থীগণকে ২১ মার্চ ২০১৮ তারিখ সকাল** ৮.০০টায় শারীরিক যোগ্যতা, ড্রাইভিং টেস্ট, ব্যবহারিক ও লিখিত পরীক্ষার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর (১০ নং গোলচত্বর), ঢাকায় উপস্থিত হতে হবে।

২. আবেদনকারীর বয়স ০১/০৩/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে এবং এতিমদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কিন্তু মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৩. আবেদনপত্রের ফরম বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে (www.fireservice.gov.bd) পাওয়া যাবে।

৪. ১ নং শর্তে বর্ণিত কাগজপত্র ব্যতিরেকে আবেদনের সাথে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে শিক্ষাগত যোগ্যতার সনদ, চারিত্রিক সনদ (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক), নাগরিকত্ব ও অবিবাহিত সনদ (পৌর মেয়র/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক), মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপি সংগে আনতে হবে। মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্র ও বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সকল সনদের সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি ১ (এক) সেট জমা দিতে হবে এবং মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৫. ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত আবেদনটি আবেদনকারী কর্তৃক নিজ হাতে কলম দিয়ে পূরণ করতে হবে। ঘষামাজা, কাটাকাটি বা অস্পষ্ট আবেদন বাতিল বলে গণ্য হবে।

৬. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৭. প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, মুক্তিযোদ্ধা সনদ, ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভুয়া/ মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকরিচ্যুত করা হবে/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে চলমান সরকারি বিধি এবং নিয়োগ বিধি মোতাবেক সকল কোটা অনুসরণপূর্বক নিয়োগ করা হবে।

১০. যে কোন আবেদনপত্র বাতিল, সংরক্ষণসহ অন্য যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২. শারীরিক যোগ্যতা পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত পোশাক সংগে আনতে হবে।

১৩. এই নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

সংযুক্তি: আবেদন ফরম।

২২/০২/২০১৮
সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ................................ পদে চাকরির আবেদন ফরম

৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | | | তারিখঃ | | |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | | বছর | মাস | দিন | |
| ৮. | মাতার নামঃ | | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | | |
| ১০. | ঠিকানাঃ | বর্তমান | | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | | | | |
| | ডাকঘরঃ | | | | | |
| | পোস্টকোড নম্বরঃ | | | | | |
| | উপজেলাঃ | | | | | |
| | জেলাঃ | | | | | |
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বরঃ | | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তাঃ | | ১৩. | জেন্ডার/লিঙ্গঃ | | |
| ১৪. | ধর্মঃ | | ১৫. | বৈবাহিক অবস্থাঃ | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতাঃ | | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | ট্রেজারি চালান নম্বরঃ | | তারিখঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর